সামাজিক উন্নয়ন সংস্থা এসডিসির পক্ষ থেকে সংবর্ধনা অনুষ্ঠান

২০১৭ সালে যাত্রা শুরু করে সামাজিক উন্নয়ন সংস্থা এসডিসি। ১৮ জন সদস্য নিয়ে গুটি গুটি পায়ে সমাজের হত দরিদ্রর মাঝে উপহার সামগ্রী ও রক্তদান কর্মসৃচীর মধ্যে দিয়ে বিভিন্ন প্রকার মানুষের সহযোগীতার হাত বাড়িয়ে ইতিমধ্যে সাড়া জাগিয়েছে এই সংস্থাটি।

গত বুধবার বেলা ১২ টার দিকে পীরপুরকুল্লা গ্রামের নিজস্ব ক্লাবে এক জমকালো সংবর্ধনা অনুষ্টান ২০২২ অনুষ্টিত হয়েছে। এ অনুষ্ঠানে সামাজিক উন্নয়ন সংস্থার সভাপতি ও চুয়াডাঙ্গা মহিলা সরকারী গার্লস স্কুলের ইংরেজী শিক্ষক আব্দুস সালামের সভাপতিত্বে, প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার মানবিক ওসি মোঃ ফেরদৌস ওয়াহিদ।

অনুষ্ঠানে তিনি বলেন, বাংলাদেশ পুলিশ বাড়ি বাড়ি গিয়ে সেবা দিচ্ছে। মানুষের যে কোন ঘটনা আমাকে জানাবেন আমি দ্রত ব্যাবস্থা নিব। বিশেষ করে মাদকের বিষয়টা খেয়াল রাখবেন। আপনার সন্তান কোথায় যাচ্ছে। কার সাথে খেলা ধুলা খেলছে এ সব দিকে নজর দিলে আপনার সন্তান সু শিক্ষায় শিক্ষিত হবে।

তিনি আরও বলেন, আমি যে সংস্থার আয়োজনে এসেছি তাদের কথা ও কাজ দেখে আমি নিজেকে ধন্য মনে করছি, আমি আশা করছি এই সংস্থাটি সারা বাংলাদেশ ব্যাপি ছড়িয়ে পড়ুক।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা প্রেস ক্লাবের সাবেক সাধারন সম্পাদক ও জাতীয় দৈনিক জনবাণী ও মেহেরপুর প্রতিদিন পত্রিকার দর্শনা ব্যুরো প্রধান আহসান হাবীব মামুন, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কবি ও সাহিত্যিক, জীবননগর হাসপাতালের সহকারী মেডিকেল অফিসার ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম বিশ্বাস, পীরপুরকুল্লা গ্রামের আওয়ামী লীগের ওয়ার্ড সভাপতি শওকত আলী, জেলা ফায়ার ষ্টেশনের পরিচালক শাহাজান সিরাজ, সমাজ সেবক রোজিনা পারভিন, ওসমান আলী, মিঠু বিশ্বাস, রানা বিশ্বাস, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সাধারন সম্পাদক, চঞ্চল মেহমুদ, মাই টিভি ও সমিকরনের জীবনগর উপজেলা প্রতিনিধি মিঠুন মাহমুদ, চ্যানেল এস এর চুয়াডাঙ্গা প্রতিনিধি আফজালুল হক

বাদল। অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন মহি উদ্দিন লাল্টু।

অনুষ্ঠান শেষে দামুড়হুদা মডেল থানার ওসি চুয়াডাঙ্গা জেলার শ্রেষ্ঠ অফিসার মনোনীত হওয়ায় এসডিসির পক্ষ থেকে সম্মাননা ক্রেষ্ট তুলে দেন। সাংবাদিকতায় জনকল্যাণ মূলক সংবাদ পরিবেশন ও বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশ করার জন্য সম্মাননা ক্রেষ্ট তুলে দেন সামাজিক উন্নয়ন সংস্থা এস ডিসি। পরে একুশে বই মেলায় পরপর ৬ বার কাব্যগ্রন্থ বই প্রকাশিত হওয়ায় ডাঃ জাহাঙ্গীর আলম বিশ্বাসকে সম্মাননা ক্রেষ্ট প্রদান করা হয়।

মনোনয়নপত্র উত্তোলন করলেন পৌর মেয়র রিটন

আগামী ১৫ জুন মেহেরপুর পৌরসভা নির্বাচন। পৌর নির্বাচন উপলক্ষ্যে মেয়র পদে দলীয় মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন বর্তমান মেয়র ও জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন। শুক্রবার দুপুরে দলীয় কার্যালয় থেকে তিনি মনোনয়ন ফরম সংগ্রহ করেন।

মনোনয়ন ফরম সংগ্রহের পর মাহফুজুর রহমান রিটন বলেন, আমার নেত্রী শেখ হাসিনা আমার অভিভাবক। তিনি আমার জন্য যা ভালো মনে করবেন, তা করবেন।

মেহেরপুরবাসীর সমর্থন চেয়ে মেয়র বলেন, বিগতদিনে নানা প্রতিকূলতা মধ্যদিয়ে পৌরসভায় ইতিবাচক কাজের সূচনা করতে পেরেছি। এখন কঠিন সময়। নানা প্রতিকূলতা পেরিয়ে পৌরসভা ও পৌরবাসীর জন্য কিছু করার চেষ্টা করেছি। প্রিয় পৌরবাসী আমার জন্য দোয়া করবেন। জননেত্রী শেখ হাসিনার সমর্থন নিয়ে আবারও আপনাদের মাঝে ফিরে আসতে পারি। আমি যেন আপনাদের সুখে-দুঃখে যেভাবে ছিলাম, সেভাবে থাকতে পারি।

এসময় জেলা পরিষদের প্রশাসক গোলাম রসুল, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, জেলা পরিষদের সাবেক প্রশাসক অ্যাড. মিয়াজান আলী, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস সহ দলীয় নেতাকর্মীরা

উপস্থিত ছিলেন।

মুজিবনগরে হারিয়ে যাওয়া আয়শাকে মায়ের কোলে ফিরিয়ে দিল পুলিশ

মুজিবনগরে হারিয়ে যাওয়া আয়শাকে ২ ঘন্টার চেষ্টায় বাবা-মায়ের কোলে ফিরিয়ে দিল মুজিবনগর থানা পুলিশ ও টুরিস্ট পুলিশ।

শুক্রবার বিকাল সাড়ে ৩ টার দিকে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সে বাবা- মায়ের সাথে বেড়াতে এসে হারিয়ে যায় আয়শা খাতুন নামের ২ বছরের এক শিশু কন্যা।

পরে টুরিস্ট পুলিশ ও মুজিবনগর থানা পুলিশ ২ ঘন্টা ধরে মাইকিং করে বাবা-মায়ের কোলে ফিরিয়ে দেয়। আয়শা মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের মিঠুন আলীর মেয়ে।

মুজিবনগর থানার এসআই ইসরাফিল হোসেন জানান, মুজিবনগরে বেড়াতে এসে আয়শা নামের ২ বছর বয়সি শিশু কন্যা হারিয়ে গিয়েছিল। পরে মুজিবনগর থানা পুলিশ ও টুরিস্ট পুলিশের ২ ঘন্টার চেষ্টায় বাবা মাকে খুঁজে তাদের হাতে আয়শা তুলে দেওয়া হয়েছে।

টুরিস্ট পুলিশের এসআই সাইফুল ইসলাম জানান, মুজিবনগরে গোলাপ বাগানের কাছে একটি মেয়েকে কান্না করতে দেখে স্থানীয় এক যুবক। পরে ওই যুবক টুরিস্ট পুলিশের কাছে মেয়েটিকে নিয়ে আসে। পরে আমরা ও মুজিবনগর থানা পুলিশ মাইকিং করে তার বাবা-মায়েকে খুজে তাদের কাছে ফিরিয়ে দেওয়া হয়েছে।

সেলফি তুলতে গিয়ে ট্রেনে কেটে শিশু নিহত

আলমডাঙ্গায় লালব্রিজে ঘুরতে গিয়ে ট্রেনের ধাক্কায় এক কিশোর নিহত হয়েছে। বৃহস্পতিবার সন্ধ্যা পৌনে ৭টার দিকে আলমডাঙ্গা পৌর এলাকার লাল ব্রীজের উপর ওই দুর্ঘটনা ঘটে।

নিহত ১২ বছর বয়সী হুসাইন আলী আলমডাঙ্গা উপজেলার কামালপুর গ্রামের ফারুক হোসেনের ছেলে। ঘটনাস্থলে পৌঁছে নিহতের মরদেহ উদ্ধারে কাজ করছে রেলওয়ে পুলিশ। বিষয়টি নিশ্চিত করেছেন চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশ ফাঁড়ির উপ-পরিদর্শক মাসুদ রানা।

স্থানীয়দের বরাতে তিনি জানান, বিকেলে লাল ব্রীজের উপর ঘুরতে যায় হুসাইনসহ কয়েকজন কিশোর। এসময় সেলফি তুলতে গেলে হঠাৎ খুলনা থেকে ছেড়ে আসা ঢাকাগামী ঈদ স্পেশাল বেনাপোল এক্সপ্রেস ট্রেন হুসাইনকে ধাক্কা দেয়। ধাক্কা খেয়ে ব্রীজের নীচে পানিতে পড়ে যায় সে।

খবর পেয়েতার মরদেহ উদ্ধার করে আলমডাঙ্গা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সদস্যরা। পরে রেলওয়ে পুলিশের কাছে মরদেহ হস্তান্তর করে তারা।

তিনি আরও জানান, নিহতের মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি করা হয়েছে। কোন অভিযোগ না থাকায় মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

সবচেয়ে বেশি বাড়ল খোলা তেলের দাম

বাণিজ্যসচিবের সঙ্গে মিল মালিকদের বৈঠকের পর সব ধরনের তেলের দাম বাড়ানো হয়েছে। বাজারে বোতলজাত সয়াবিন তেল প্রতি লিটার ১৬০ টাকা বিক্রি হলেও এখন থেকে ৩৮ টাকা বাড়িয়ে প্রতি লিটার ১৯৮ টাকায় বিক্রি হবে। এছাড়া সবচেয়ে বেশি বাড়নো হয়েছে খোলা তেলের দাম।

আগে খোলা তেল ১৩৬ টাকায় প্রতি লিটার বিক্রি হলেও নতুন দাম অনুযায়ী ১৮০ টাকায় বিক্রি হবে। অর্থাৎ খোলা তেলে দাম লিটার প্রতি ৪৪ টাকা বাড়ানো হয়েছে। এছাড়া ৪২ টাকা বাড়িয়ে পাম তেলের দাম করা হয়েছে ১৭২ টাকা। যা আগে ছিল লিটার প্রতি ১৩০ টাকা

বৃহস্পতিবার বাংলাদেশ ভেজিটেবল অয়েল রিফাইনার্স ও বনস্পতি ম্যানুফাচারার্স অ্যাসোসিয়েশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, বোতলজাত সয়াবিন তেলের দাম ১৯৮ টাকা নির্ধারণ করা হয়েছে। আর ৫ লিটার বোতলজাত সয়াবিন বিক্রি হবে ৯৮৫ টাকায়। এছাড়া খোলা সয়াবিন তেল ১ লিটার ১৮০ টাকা ও পাম তেল ১ লিটার বিক্রি হবে ১৭২ টাকায়।

এক বছর আগেও বোতলজাত সয়াবিন তেলের দাম লিটার ছিল ১৩৪ টাকা করে। গত ৬ ফেব্রুয়ারি তা নির্ধারণ করা হয় ১৬৮ টাকায়। ব্যবসায়ীরা মার্চ থেকে লিটারে আরও ১২ টাকা বাড়িয়ে ১৮০ টাকা করতে চেয়েছিল। কিন্তু সরকার রাজি না হলে সেদিন থেকে বাজারে সরবরাহে ঘাটতি দেখা দেয়।

এরপর সরকার ভোজ্যতেল উৎপাদন ও বিক্রির ওপর থেকে ভ্যাট পুরোপুরি আর আমদানিতে ৫ শতাংশ রেখে বাকি সব ভ্যাট প্রত্যাহার করে নেয়। পরে গত ২০ মার্চ লিটারে আট টাকা কমিয়ে বোতলজাত সয়াবিন তেলের দাম ঠিক করা হয় ১৬০ টাকায়। সেদিন ৫ লিটারে ৭৯৫ টাকা থেকে কমিয়ে ৭৬০ টাকা এবং খোলা সয়াবিনের দাম ১৪৩ টাকা থেকে কমিয়ে ১৩৬ টাকা নির্ধারণ করা হয়।

জানা গেছে, সয়াবিন তেলের বৈশ্বিক পরিস্থিতিতে দেশের বাজারে মূল্য সমন্বয়ের বিষয়ে বৃহস্পতিবার বিকাল ৩টায় বাণিজ্যসচিবের সঙ্গে বৈঠকে বসেন বাংলাদেশ ভেজিটেবল অয়েল রিফাইনার্স ও বনস্পতি ম্যানুফাচারার্স অ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দ। বৈঠকে তেল পরিশোধনকারী কোম্পানির প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন। বৈঠকের পর বিকালে দাম বাড়ানোর সিদ্ধান্তের কথা জানানো হয়।

গাংনীর করমদিতে ফ্রি মেডিকেল

ক্যাম্প অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীর তেতুলবাড়িয়া ইউনিয়নের করমদি গ্রামে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার সকাল নয়টার সময় করমদি স্বেচ্ছাসেবী সংগঠন স্থানীয় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ফ্রি মেটিকেল ক্যাম্পের আয়োজন করেন।

দিনব্যাপী মেডিকেল ক্যাম্পে এলাকার ১০জন চিকিৎসক ঈদের ছুটিতে এসে স্থানীয়দের বিমামুল্যে চিকিৎসাসেবা প্রদানের উদ্যোগ নেন। ১০জন স্থানীয় গুণি চিকিৎসকের সমন্বয়ে শিশু কিশোর বৃদ্ধসহ বিভিন্ন বয়সের মানুষ ফ্রি চিকিৎসা নিয়ে সন্তোষ প্রকাশ করেন।

মেডিকেল ক্যাম্পে চিকিৎসা প্রদান করেন ডাঃ মোঃ মাহাফুজ্জামান রতন, ডাক্তার মোঃ সজিব উদ্দীন স্বাধীন, জান্নাতুন নাইম সজিবসহ দশজন চিকিৎসক।

এসময় ডাক্তার মাহাফুজ্জামান রতন বলেন, আমরা মেহেরপুর জেলার বিভিন্ন ইউনিয়নে ফ্রি মেডিকেল ক্যাম্প পরিচালিত করে আসছি। আমাদের উদ্দেশ্য হচ্ছে প্রান্তিক এলাকার মানুষকে এবং নিজ এলাকার মানুষকে চিকিৎসা সেবা প্রদান করা এবং মানুষের মধ্যে জনসচেতনতা তৈরী করা। আমরা এই ক্যাম্প গ্রাম পর্যায়ে করার ইচ্ছা রয়েছে।

ডাক্তার সজিব উদ্দীন স্বাধীন বলেন, একজন মানুষের বুকে ব্যাথা হলে গ্যাস্টিকের ব্যাথা মনে করে দোকান থেকে ওষুধ কিনে খান দিনের পর দিন। এতে তার কি পরিমান ক্ষতি হয়েছে তা সে নিজেই জানেননা। তাছাড়া পাবজি আর ফ্রি ফায়ারের যুগে করমদি গ্রামের একঝাক তরুণ এই উদ্যোগ নিয়েছে। এ উদ্যোগের ফলে এলাকার বিভিন্ন বয়সের মানুষ চিকিৎসা পাচ্ছে।

প্রত্যন্ত এলাকায় এমন মানুষ আছেন যারা টাকার অভাবে বা জনবলের অভঅবে ভাল চিকিৎসা নিতে পারেনা। এমন হাজারো মানুষ আজ লাইনে দাড়িয়ে চিকিৎসা নিচ্ছে। এতে আমাদেরও অনেক ভাল লাগছে।

ডাক্তার জান্নাতুন নাইম সজিব বলেন , আমরা অনেকেই এলাকার সন্তান। চাকরি বা পেশাদারিত্বে বাহিরে কাটাতে হয়। ঈদের ছুটিতে বাড়ি এসে ফ্রেন্ড সার্কেল চিকিৎসকদের সমন্বয়ে আজকের এই মেডিকেল ক্যাম্প। বাড়িতে বসে থাকার চেয়ে নিজ এলাকার মানুষকে চেকিৎসেবা ও পরামর্শ দিয়ে সহায়তা করতে পারার যে তৃপ্তি তা প্রতিবছরের জন্য অব্যাহত

থাকবে।

করমদি স্বেচ্ছাসেবী সংগঠনের সভাপতি তরিকুল ইসলাম তুষারসহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ সহযোগীতা করেন।

মেহেরপুরে মহান মে দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা সভা

“শ্রমিক-মালিক একতা উন্নয়নের নিশ্চয়তা’’ মহান মে দিবসের এ প্রতিপাদ্যেকে সামনে রেখে মেহেরপুর জেলা মোটর শ্রমিক ইউনিয়নের আলোচনা সভা ও র্যালী অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সকালে মেহেরপুরের পুরাতন বাসস্ট্যান্ডে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা মোটর শ্রমিক ইউনিয়নের সভাপতি আহসান হাবিব সোনার সভাপতিত্বে, আলোচনা সভায় বক্তব্য রাখেন, সাধারণ সম্পাদক মতিউর রহমান, সহ সাংগঠনিক সম্পাদক বকুল হোসেন, শ্রমিক কল্যাণ সম্পাদক রেজাউল হক প্রমূখ।

এছাড়াও এসময় কার্যকারী সভাপতি নজরুল ইসলাম নজু, সহ-সভাপতি মাহাবুব এলাহী, যুগ্ম সম্পাদক সাখাওয়াত হোসেন সবুজ, সহ সম্পাদক এরশাদ আলী, কোষাধ্যক্ষ মিন্টু, প্রচার সম্পাদক সেন্টু, সাংগঠনিক সম্পাদক রমিজ উদ্দিন, সদস্য বাচ্চু মিয়া, আনারুল ইসলাম সহ সাধারণ শ্রমিকবৃন্দরা উপস্থিত ছিলেন।

এর আগে মহান মে দিবসকে সফল ও সার্থক করার লক্ষে মেহেরপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ড এলাকা প্রদক্ষিণ করে একটি র্যালী বের হয়।

গাংনীতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে শ্রমিক নিহত

আজ মে দিবস। মে দিবসের প্রথম প্রহরেই নির্মাণাধীন ঘরের ছাদ থেকে প্লেনশীট নামাতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে নিহত হয়েছেন লাল্টু হোসেন (৩৫) নামের এক নির্মাণ শ্রমিক।

নিহত লাল্টু হোসেন গাংনী উপজেলা মহিলা কলেজপাড়া এলাকার বিল্লাল হোসেনের ছেলে। সে পেশায় একজন গাড়ি চালক। তবে মাঝে মাঝে নির্মাণ শ্রমিক হিসেবেও কাজ করেন। রোববার সকাল সাড়ে ১০ টার দিকে এ বিদ্যুৎস্পৃষ্টের ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শরা জানান, গাংনী ঈদগাহপাড়া এলাকায় জাকির হোসেনের নির্মাণাধীন বাড়ির ছাদের উপর থেকে ছাদ ঢালাইয়ের কাজ করছিলেন লাল্টু হোসেন।

এসময় তিনি নির্মাণ কাজে ব্যবহৃতে একটি প্লেনশীট ছাদের উপর থেকে নিচে নামাতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ছাদের উপর থেকে নিচে পড়ে রক্তাক্ত জখম হন।

সেখান থেকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নিয়ে আসলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

নিহত লাল্টু হোসেন মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়ন গাংনী শাখার লাইন সম্পাদক মোহা: ঠান্ডু হোসেনের ছোট ভাই।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক পারিবারিক সূত্রের বরাত দিয়ে এ তথ্য নিশ্চিত করেছেন।

ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কে সিএনজি ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষ, নিহত-১

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার ভাটই-বাজার পুলিশ ফাঁড়ির কাছে এক সড়ক দুর্ঘটনায় ইঞ্জিল শামীম (৪০) নামে এক ব্যক্তি ঘটনাস্থলেই নিহত হয়েছেন।

তিনি নড়াইলের কালিয়া উপজেলার রাজাপুর গ্রামের ওমর শেখের ছেলে। শনিবার রাত সাড়ে নয়টার দিকে এ দুর্ঘটনা ঘটে। এ সময় ঝিনাইদহে গোবিন্দপুর গ্রামের পলি খাতুন ও শহরের চাকলাপাড়া গ্রামের পরিমল কুমার নামে দু’জন আহত হন।

ঝিনাইদহ জেনারেল হাসপাতালের জরুরি বিভাগ থেকে এই তথ্য নিশ্চিত করা হয়েছে। একজন প্রত্যক্ষদর্শী জানান সিএনজি ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষে এ দুর্ঘটনা ঘটে।

দর্শনায় অদম্য সাহসিকতার সঙ্গে এগিয়ে যাচ্ছে মফস্বলের নারী উদ্যোক্তারা

একদিকে সংসার, অন্যদিকে দোকান দুটিই শক্তহাতে সামাল দিচ্ছে দর্শনার একদল নারী উদ্যোক্তা। মফস্বলের এমন পরিবেশ, বর্তমানে দেশের অনেক জেলা এমনকি বিভাগীয় শহরেও চোখে পড়েনা। বলছি চুয়াডাঙ্গার সীমান্তবর্তী ছোট্ট শহর দর্শনার কথা।

স্থানীয় রেল বাজারস্থ কেরু সুপার মার্কেটের দ্বিতীয় তলায় গড়ে উঠেছে এই নারী উদ্যোক্তা কর্নার। অন্তত্য ২০ জন নারী উদ্যোক্তার দোকান এই উদ্যোক্তা কর্নারে। যেখানে ক্রেতা- বিক্রেতার তালিকায় অধিকাংশ নারী।

অনেক সামাজিক প্রতিবন্ধকতাকে পিছু ঠেলে, অদম্য সাহসিকতার সঙ্গে এগিয়ে যাচ্ছে মফস্বলের নারী উদ্যোক্তারা। মফস্বল শহরের এই নারীগণের চোখেমুখে দেশসেরা উদোক্তা হওয়ার বাসনা। প্রয়োজন শুধু সরকারি-বেসকারি পৃষ্ঠপোষকতা এবং ক্রেতা সাধারণের সহযোগিতা।

মুজিব জন্মশতবর্ষ ও স্বাধীনতার সূবর্ণজয়ন্তীতে দাঁড়িয়ে মার্কেট কর্তৃপক্ষ এবং স্থানীয় প্রশাসনের কাছে নারীগণের দাবী, নারী উদ্যোক্তাদের উৎসাহ যোগাতে মার্কেটের দ্বিতীয় তলা নারী কর্নার হিসেবে ঘোষণা এবং দ্বিতীয় তলার সমস্ত দোকান নারী উদ্যোক্তাদের নামে বরাদ্দ দেওয়া হোক।

এ প্রসঙ্গে একজন নারী উদ্যোক্তা সিলভিয়া রুম্মান এলমি বলেন, একজন নারীকে প্রতিদিন তার অস্তিত্ব রক্ষায় লড়াই করতে হয়। এ লড়াই বেঁচে থাকার, ভালো থাকার। যদিও গৃহের বাহিরের কাজগুলি সবসময় চ্যালেঞ্জিং।

আমরা সে চ্যালেঞ্জ মোকাবেলায় চেষ্টা চালিয়ে যাচ্ছি। নারী উদ্যোক্তা সৃষ্টিতে সরকারি নানা উদ্যোগের কথা কানে এলেও, আমাদের সাথে এখনো পর্যন্ত সরকারি কোন দপ্তরের দেখা মেলেনি, সহযোগিতা তো দূরের কথা। আমরা সব পক্ষের সহযোগিতায় সমাজটাকে বদলে দিতে চাই।

দর্শনা কেরু এ্যান্ড কোম্পানির মহাব্যাবস্থাপক (প্রশাসন) শেখ শাহাব উদ্দীন বলেন, কেরু এ্যান্ড কোম্পানি বাংলাদেশ সরকারের একটি রাষ্ট্রিয় প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানটি ঐতিহাসিকভাবে ঐতিহ্যগত ভাবে নানামুখী জনগণের সেবা দিয়ে আসছে।

সেই সেবার একটি অংশ কেরু এ্যান্ড কোম্পানির বাজার সংলগ্ন একটি মাঠে ২৭টি দোকান করা হয়েছে ইতিমধ্যে। এই দোকানগুলির মধ্যে দ্বিতীয় তলায় নারীরা স্বাধীনভাবে তাদের ব্যবসা প্রতিষ্ঠান পরিচালিত করছে।

আমি মনে করি যে চুয়াডাঙ্গা জেলার সার্বিকভাবে নারী উদ্যোক্তাদের যে সহযোগিতা করা দরকার সেটাও কেরু এ্যান্ড কোম্পানি করে আসছে। আমি এই নারী উদ্যোক্তাদের সার্বিক শুভ কামনা করে শুভেচ্ছা জানাই।